REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

১৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৪ই বৈশাখ বুধবার ১৩৩৯ ইংরাজী 27th April 1932 | ৪১শ সংখ্যা



# হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহোষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৷৹

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহোষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র — ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঞ্জেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৪ই বৈশাখ বুধবার ১৩৩৯ সাল।

## পারিতোষিক বিতরণী সভা।

আগামী ১লা মে রবিবার সকাল ৬॥০ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ মধ্য ইংরাজী স্কুলের পারিতোষিক বিতরণী সভা স্কুল প্রাঙ্গনে হইবে। উক্ত সভায় যোগদান করিবার জন্য এই স্কুলের ভূতপূর্ব্ব ছাত্রগণকে সাদরে আহ্বান করিতেছি।

বিনীত—
সম্পাদক, রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল।

## ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুরের শুভাগমন।

গত কল্য মঙ্গলবার মুর্শিদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুর জঙ্গিপুরে শুভাগমন করিয়াছিলেন। বিভাগীয় অফিসাদি পরিদর্শন করিয়া বৈকালে প্রত্যাগমন করিয়াছেন।

## কাঙ্গালী বিদায়।

গত ১৩ই বৈশাখ বৈকালে জঙ্গিপুরের ৺যতীন্দ্রনাথ ধর স্বর্ণকারের বাৎসরিক শ্রাদ্ধোপলক্ষে প্রায় ৫০০ শত কাঙ্গালীকে এক সের চাউল ও দুই পয়সা হিসাবে দান করিয়াছেন। দুর্দ্দিনে এই রকম দান প্রশংসনীয়।

## তামাদী আরজী।

এ বৎসরে জঙ্গিপুর মুন্সেফী আদালতে ৪১০০ তামাদী আরজী দাখিল হইয়াছে। গত বৎসর ৩৬০০ হইয়াছিল।

## রাজমহলে অলৌকিক কাণ্ড।

গত শিবরাত্রিতে রাজমহলে গঙ্গার তীরে নবনির্ম্মিত মন্দিরে একটী শিবমূর্ত্তির প্রতিষ্ঠা হইয়াছে। এক সাধু ৬ বৎসর পূর্ব্বে ঐ মূর্ত্তিটী কাটোয়ার গঙ্গার ধারে কুড়াইয়া পাইয়া উহা রাজমহলে আনিয়াছিলেন। তিনি এক বটগাছের তলায় মূর্ত্তিটী রাখিয়া কাশী চলিয়া যান। সম্প্রতি রাজমহলের এসিষ্টাণ্ট ষ্টেশন মাষ্টার শ্রীযুত যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ঐ মূর্ত্তির জন্য মন্দির নির্ম্মাণ করিয়া উহার প্রতিষ্ঠার আয়োজন করেন। সাধু কাশীতে স্বপ্নাদেশ পাইয়া প্রতিষ্ঠার দিন রাজমহলে আগমন করেন। এখন তিনি রাজমহলেই আছেন।

## নূতন মিউনিসিপাল ম্যাজিষ্ট্রেট।

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্তের স্থানে ব্যারিষ্টার শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বসু কলিকাতার মিউনিসিপাল ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হইয়াছেন।

## ক্যাম্বেল মেডিকেল স্কুল।

১৪ই এপ্রিল বাঙ্গালার মন্ত্রী শ্রীযুত বিজয়প্রসাদ সিংহ রায়ের সভাপতিত্বে কলিকাতা মেডিকেল স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণ উৎসব হইয়া গিয়াছে।

## পুস্তিকা বাজেয়াপ্ত।

গত সপ্তাহে বাঙ্গালা সরকার নিম্নলিখিত তিনখানি পুস্তক বাজেয়াপ্ত করিয়াছেন। (১) দীনেশচন্দ্র বর্ম্মণ প্রণীত শিখের আত্মাহুতি। (২) সান্ত্বনা গুহ প্রণীত বন্দীনারী। (৩) বিজয়লাল চট্টোপাধ্যায় প্রণীত বিদ্রোহী রবীন্দ্রনাথ।

## কান্দিতে অগ্নিকাণ্ড।

কান্দির ভরতপুর থানার অমলাই গ্রামে ১১ই এপ্রিল অগ্নিকাণ্ডে ৭০টী বাড়ী পুড়িয়া গিয়াছে। ক্ষতির পরিমাণ অন্ততঃপক্ষে ৫ হাজার টাকা।

## মতিহারিতে চিনির কারখানা।

বিহারের মতিহারী জেলায় এবার ৫টি নূতন চিনির কারখানা প্রস্তুত হইতেছে। চাষীদের মধ্যে আখের চাষ খুব বাড়িয়া গিয়াছে। কারখানার মালিকগণ চাষীদিগকে দাদন দিয়া আখের চাষ করাইতেছেন।

## কলিকাতায় নূতন হাসপাতাল।

পাগলগণের চিকিৎসার জন্য ডাক্তার হরনাথ বসু কলিকাতা ১৪০, বলরাম দে ষ্ট্রীটে একটী নূতন হাসপাতাল প্রতিষ্ঠা করিয়াছেন। গত ১৫ই এপ্রিল স্যার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এই হাসপাতালের দ্বারোদ্ঘাটন করিয়াছেন।

## হোমিওপ্যাথিক সম্মিলন।

গত ৮ই এপ্রিল শুক্রবার কলিকাতা মার্ব্বেল প্যালেসে ডাঃ ডবলিউ ইউনানের সভাপতিত্বে নিখিল ভারতীয় হোমিওপ্যাথিক সম্মেলনের অধিবেশন হইয়া গিয়াছে। বহু চিকিৎসক, পরিদর্শক, এবং ভারতের বিভিন্ন স্থান হইতে সমাগত প্রায় ১২৫ জন প্রতিনিধি সভায় যোগদান করিয়াছিলেন।

## লোথিয়ান কমিটী।

লাহোরের কার্য্য সমাপ্ত করিয়া গত ১০ই এপ্রিল অপরাহ্নে লর্ড লোথিয়ান এবং ভোটাধিকার কমিটীর অন্যান্য সদস্যগণ স্পেশাল ট্রেণে সিমলায় গিয়া পৌঁছিয়াছেন। ১১ই তারিখে তথায় প্রথম সভাধিবেশন বসিয়াছিল। ঐ সভায় রিপোর্ট তৈয়ারীর জল্পনা কল্পনাও চলিয়াছিল। লর্ড ডফারিণ অসুস্থ হইয়া পড়িয়াছেন বলিয়া তিনি সিমলায় যাইতে পারেন নাই।

## দান।

কালিকটের পরলোকগত মিঃ সি, ডব্লু কটন আই, সি, এস, তাঁহার উইলে তাঁহার খানসামা টি, ফুনিরমন নামক জনৈক এতদ্দেশীয়কে ২ হাজার টাকা দান করিয়া গিয়াছেন। খানসামাটী মিঃ কটনের নিকট ১৭ বৎসর যাবৎ বিশ্বস্তভাবে কর্ম্ম করিয়াছিল।

## মোটরকার ও ইঞ্জিনে ভীষণ সংঘর্ষ

বেগমপুরে শোচনীয় দুর্ঘটনা।

গত রবিবার সন্ধ্যার সময় হাওড়া-বর্দ্ধমান কর্ড রেলওয়ে লাইনের (১৪ মাইল) বেগমপুরস্থ লেভেল ক্রসিংয়ে একখানি মোটরকার ও একটী পাইলট ইঞ্জিনের মধ্যে ভীষণ সংঘর্ষ হইয়া গিয়াছে; ফলে উক্ত মোটরের চালকসহ তিনজন লোক তৎক্ষণাৎ মারা যায় এবং তিনজন আহত হয়। তন্মধ্যে একজনের অবস্থা সঙ্কটাপন্ন বলিয়া প্রকাশ। এরূপ প্রকাশ যে, মোটরখানিতে চালকসহ ৬ জন আরোহী ছিল। উহা শ্রীরামপুর হইতে বেগমপুরস্থিত লেভেল ক্রসিংয়ের ফটকে প্রবেশ করিবামাত্র উক্ত পাইলট ইঞ্জিন আসিয়া মোটরখানিকে ধাক্কা দিয়া কিছু দূরে ফেলিয়া দেয়, ফলে উপরোক্ত ঘটনা সঙ্ঘটিত হয়। পুলিশ তদন্ত চলিতেছে।

## বাঁকুড়ায় অসমসাহসিক ডাকাতি।

বাটীর কর্ত্রীর প্রতি ভীষণ অত্যাচার।

কোতলপুর থানার দেশড়া গ্রামের শ্রীযুক্ত নলিনাক্ষ মণ্ডলের গৃহে এক ডাকাতি হইয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ যে একদল ডাকাত প্রথমে উক্ত বাড়ীতে কড়া নাড়া দিতে থাকে এবং পরে দ্বার ভাঙ্গিবার চেষ্টা করে কিন্তু কৃতকার্য্য না হইয়া একজন ডাকাত দেওয়াল বাহিয়া বাটীর ভিতরে লাফাইয়া পড়ে এবং পরে সদর দরজা খুলিয়া দেয়। বদমায়েসরা প্রথমেই নলিনাক্ষ বাবুর পত্নীকে আক্রমণ করে এবং তাঁহার দেহ হইতে সমুদয় অলঙ্কার ছিনাইয়া লয় এবং বাক্স প্রভৃতির চাবি পাইবার জন্য উক্ত মহিলার উপর লাঠি প্রহার পর্য্যন্ত করে। অতঃপর ডাকাতেরা নগদ টাকা ও অলঙ্কারাদি লইয়া পলায়ন করিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে। এতাবৎ কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। প্রকাশ, একপক্ষ কালের মধ্যে এই জিলায় ৪ বার ডাকাতি হইল। তন্মধ্যে এই ডাকাতি একটী।

## পরলোকে মহারাজকুমার।

দীর্ঘকাল রোগে ভুগিবার পর কর্পূরতলার মহারাজের দ্বিতীয় পুত্র মহারাজকুমার মহীজিৎ সিং গত ৯ই এপ্রিল প্রাতে পরলোক গমন করিয়াছেন। তিনি কিছুদিন যাবৎ যুক্তপ্রদেশ সরকারের মন্ত্রী ছিলেন।

গত সপ্তাহে শ্বেতাঙ্গ সমিতি, ভারতীয় জমীদার সভা, মাড়োয়ারী সমিতি ও ভারতীয় বণিক সমিতি বঙ্গেশ্বর মহামান্য স্যর জন এণ্ডারসনকে পৃথক পৃথক ভাবে অভিনন্দিত করিয়াছেন। লাট মহোদয় তাঁহাদের সাদর সম্ভাষণ করিয়া অভিনন্দনের যথাযথ উত্তর প্রদান করিয়াছেন।

## মহানুভব ইংরাজ চিকিৎসক।

পেশোয়ারের সিভিল সার্জ্জন মেজর কোল্ডষ্ট্রীম সম্প্রতি নিজের শরীর হইতে ২০ ছটাক রক্ত দিয়া একজন ভারতীয় রোগীর জীবন রক্ষা করিয়াছেন। মেজর কোল্ডষ্ট্রীম দেখিলেন যে, আর কোন উপায়েই এই রোগীকে রক্ষা করা যাইবে না। নিকটে এমন লোক ছিল না, যাহার নিকট হইতে রক্ত লওয়া যাইতে পারে। অথচ বিলম্ব হইলে রোগী আর বাঁচিবে না। এই অবস্থায় মহানুভব চিকিৎসক নিজের রক্ত দিয়া রোগীকে বাঁচাইয়াছিলেন।

### ছুটি।

১৯৩২ অব্দের ৩রা জুন তারিখে সম্রাটের জন্মতিথি উপলক্ষে সরকারী কার্য্য বন্ধ থাকিবে।

---

### উরগাঁ স্বর্ণখনিতে দুর্ঘটনা।

জনৈক মেপলা কুলী গত ১৪ই এপ্রিল এক লেভেল হইতে আর এক লেভেলে মই দিয়া যাইবার সময় হঠাৎ ১০০ ফিট নীচে পড়িয়া গিয়া প্রাণ হারাইয়াছে।

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৬ই মে ১৯৩২।

১৫৫ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং আহ্লাদিনী দেবী মৃত্যান্তে ওয়ারিশ সাবিত্রীসুন্দরী দেবী দাবি ১৩৯৵০ পং গনকর মৌজে রাণীনগর ২১/৮০ বিঘার কাত ২১।/১১ আঃ ১০০৲

৪০৮ থাং ডিঃ অনারেবল রাজা বিজয় সিংহ দুধোরিয়া দেং সুবোধ মণ্ডলানী জওজে সর্ব্বেশ্বর মণ্ডল দাবি ৩৬।৶৩ পং গনকর মৌজে চর সেকন্দরা ১ একর ২৮ শতকের কাত ৪।৵০ আঃ ১৫৲ রায়ত স্থিতিবান।

১১৮৮ থাং ডিঃ শ্রীশ্রী৺সরস্বতী দেবী ঠাকুরাণীর সেবাইত নবদ্বীপচন্দ্র দাস দিং দেং গোকুলচন্দ্র সিংহ দিং দাবি ২১৵৯ পং সমসখালি মৌজে রায়পুর ৭৭ শতকের কাত ১।/১ আঃ ১০৲

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৮ই মে ১৯৩২।

৩৫৪ থাং ডিঃ ধরনীধর ঘোষ দেং ফাতেমা বিবি দাবি ২৪।১১ পাই পং আকবরসাহী মৌজে পোপাড়া ৩৭ শতকের কাত ৩৵১০ পাই আঃ ৫৲

৬৭ মনি ডিঃ বসন্তকুমার সরকার দেং বীরবল সাহা (স্বর্ণকার) দাবি ২৪।৶৯ পং রাজসাহী মৌজে অনুপনগর /১৬/০ জমির কাত ১৵০ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব।

৪৯ মর্গেজ ডিঃ লছমিনারায়ণ সেরাওগী দেং কিশমতুল্লা সেখ দাবি ৩১৪৶৬ পং কাঁকজোল মৌজে সালালপুর ৪৮।৪৫ ধুল জমির কাত ৩৮০ আঃ ১০০৲ ২নং লাট মৌজে বাহুইপাড়া ।১ জমির উপরিস্থিত আম্র বৃক্ষ ১ পেড় জমা ৩৮/০ আঃ ২৫৲

---


মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মুল্য প্রতি শিশি ৸০ বার আনা।

**বাতের তৈল**

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।

মূল্য ৪ আঃ শিশি ১।/০ এক টাকা পাঁচ আনা


কবিরাজ—

শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন

সোণামুখী অফিস,

মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)





**প্রতিষেধক স্বরূপ কর্পূরাসবের গুণ অসামান্য!**

বিসূচিকা বা কলেরার প্রাদুর্ভাবকালে গৃহে এক শিশি "কর্পূরাসব" থাকিলে সে স্থানে কলেরার প্রবেশ রুদ্ধ হইয়া যায় বলিলে অত্যুক্তি হয় না।

বহু বর্ষের চেষ্টা ও পরীক্ষার ফলে আবিষ্কৃত এই ঔষধ বিগত ৫০ বৎসরে বহু রোগীকে রোগমুক্ত করিয়াছে। কলেরা বা ওলাউঠা ব্যতীত "কর্পূরাসব" সেবনে দুরারোগ্য আমাশয়, অজীর্ণ, প্রভৃতি ত্বরায় নিবারিত হয়। এই ঔষধের নাম লইলে কলেরার আক্রমণ হইতে অব্যাহতি পাওয়া যায়।

আজই এক শিশি সংগ্রহ করুন!

এক শিশি ॥০ আনা

ডাকমাশুলাদি ।৵০।

**সি, কে, সেন**

—এণ্ড কোং লিঃ—

২৯ কলুটোলা, কলিকাতা।


---




শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

**রেডিয়ম স্নো**

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন:—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—

**রেডিয়ম ল্যাবরেটরী**

কলিকাতা।

ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—

**বসাক ফ্যাক্টরী**

৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা

ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

